নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
মানব সম্পদ বিভাগ
বেগমগঞ্জ, নোয়াখালী

নম্বর ২৭.১২.৭৫০৭.৫৩১.০২.০০৮.২১.১৪৩৭

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৮
১২ সেপ্টেম্বর ২০২১

...

বিষয়: **"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"**

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার টেস্টিং সুপারভাইজার এর শূন্য পদ পূরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম:

ক্রঃ নং	পদের নাম	যে পদের প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	মিটার টেস্টিং সুপারভাইজার	মিটার টেস্টার

আবেদন করার নিয়মাবলী :

আবেদনকরীকে খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এছাড়াও আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ এবং (ঠ) চাকুরীতে প্রথম নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক আগামী ১৮/০৯/২০২১ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নোয়াখালী পবিস-এর সদর দপ্তর, বেগমগঞ্জ, নোয়াখালী-তে স্বশরীরে উপস্থিত থাকতে হবে। উল্লেখ্য যে, যাবতীয় কাগজপত্রাদি সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার/ সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সাক্ষাতকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

মিটার টেস্টিং সুপারভাইজার পদে প্রার্থীর যোগ্যতা :

(ক) মিটার টেস্টার পদে ন্যূনতম ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।

(খ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় সকল প্রশিক্ষণে এবং বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত বিভাগীয় পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হতে হবে।

(গ) প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।

(ঘ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী উল্লিখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

(ঙ) চাকুরীর পারফরমেন্স এর জন্য উন্নত কলা-কৌশল শেখার সামর্থ ও মানসিকতা থাকতে হবে।

(চ) এনার্জি মিটার মেরামত ও রক্ষণাবেক্ষনের জন্য ব্যাপক কাজের ও কারিগরী জ্ঞান থাকতে হবে।

(ছ) সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী সর্বশেষ ০৩ বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।

(জ) নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি-এর কর্মচারী চাকুরী বিধি-১৯৯২, সংশোধিত-২০১২ এবং ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

শর্তাবলী:

০১॥ আবেদন ফরমের সাথে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রার্থীর বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে); সর্বশেষ ০১ বৎসরের মধ্যে লঘুদন্ড, ০৩ (তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড, ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে একাধিক গুরুদন্ড, ০৪ (চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড, একবার লঘুদন্ড এবং ০৩ (তিন) বৎসরের মধ্যে একের অধিক লঘুদন্ড প্রাপ্ত হয়নি এবং বর্তমানে বিভাগীয় তদন্ত চলমান নাই মর্মে প্রত্যয়নপত্র, অনাপত্তির সনদপত্র সহ পদোন্নতি প্রদানের জন্য সুস্পষ্ট সুপারিশ, বর্তমান পদে যোগদান ও চাকুরী নিয়মিত করণ পত্রের ফটোকপি, সাম্প্রতিক কালের তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, পদোন্নতির জন্য সংশোধিত নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণের ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, বিগত ০৩ (তিন) বৎসরের কর্মমূল্যায়নের ফটোকপি যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

০২॥ সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৩॥ পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৪॥ নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।

০৫॥ অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

০৬॥ কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭॥ নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮॥ যে কোন আবেদন এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত।

০৯॥ শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয় নিস্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২-৯-২০২১
প্রকৌ. মোঃ গোলাম মোস্তফা
জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়): (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪) একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী

৬) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী

৭) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার......................................পবিস-১/২/৩/৪ (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে অবহিত করণসহ তাদের আবেদন পত্র সুপারিশসহ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)

৮) ডিজিএম-কবিরহাট/চাটখিল/সেনবাগ/সোনাইমুড়ী/কোম্পানীগঞ্জ/সোনাপুর/সুবর্ণচর জোনাল অফিস, নপবিস।

৯) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি

১০) এজিএম (ওএন্ডএম), চন্দ্রগঞ্জ সাব জোনাল অফিস, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
১১) সকল বিভাগীয় প্রধান, নপবিস।
১২) নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs.noakhali.gov.bd), নোয়াখালী পবিস।